

## পোস্টাল মিউজিয়াম

### ডাক যাদুঘর

প্রথম স্থাপন করা হয় ১৯৬৬ সালের ৯ অক্টোবর, ঢাকা জেনারেল পোস্ট অফিসের কাউন্টারের পাশে। পরবর্তীকালে ১৯৮৫ সালে এটি একই ভবনের তৃতীয় তলার দুটি কক্ষে সম্প্রসারিত হয়। মোট ২,১৬০ বর্গফুট আয়তনের কক্ষ দুটির একটিতে ডাক বিভাগের কার্যক্রমে ব্যবহৃত বিভিন্ন প্রকার জিনিসপত্র স্থান পেয়েছে। এর মধ্যে উর্দি পরিহিত, বর্শা ও লণ্ঠন হাতে এবং কাঁধে চিঠির ব্যাগ সহ একটি পূর্ণ মাপের ডাকপিয়নের অবয়ব এবং রানী ভিক্টোরিয়া আমলের একটি বিশালাকৃতির লেটারবক্স উল্লেখযোগ্য। এছাড়া বিভিন্ন সময়ে ব্যবহৃত লেটারবক্স এবং বিদেশের বিভিন্ন দেশে ব্যবহৃত আধুনিক লেটারবক্স, বিভিন্ন সময়ে ব্যবহৃত চিঠিপত্রে ডাকমাশুল বসানোর বিভিন্ন ব্র্যান্ডের হস্ত ও বিদ্যুৎচালিত যন্ত্র, খুলনা ও বরিশালের নদী তীরবর্তী অঞ্চলে ব্যবহৃত পরিভ্রমণকারী ডাকঘরের ক্ষুদ্রাকৃতি নমুনাও এখানে আছে। পার্সেল করার কাজে ব্যবহৃত সাত মণ পর্যন্ত ওজন মাপার তুলাদণ্ড, ডাকঘরে বিভিন্ন সময়ে ব্যবহৃত সিলমোহর, হাত ও টেবিলঘড়ি, রানার ও পিয়নদের বেলেট ব্যবহৃত ব্যাজ, উর্দি ও পোশাক, বিভিন্ন প্রকার ডাকসামগ্রী বহনের উপযোগী বিভিন্ন মাপের ব্যাগ ও ডাকঘরের বিভিন্ন কর্মকর্তা ও কর্মচারীদের ব্যবহৃত অন্যান্য দ্রব্যাদি, যার অধিকাংশই শত বছরের পুরাতন। দ্বিতীয় ঘরের দেয়ালে বিশ্ব ডাক সংস্থার ১৯১টি সদস্য রাষ্ট্র কর্তৃক প্রেরিত সে সকল দেশের বিভিন্ন প্রকার ডাকটিকিট একটি কাঁচঘেরা তাকে রাখা আছে।

### Postal Museum

To Read in English plz click here...[English](#)

---